

Prime Minister Shri Narendra Modi and President of the Republic of Seychelles H.E. Wavel Ramkalawan jointly inaugurate a range of Development Assistance Projects at India-Seychelles High Level Virtual Event (April 8, 2021)

April 08, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং সেশেলস প্রজাতন্ত্রের মাননীয় রাষ্ট্রপতি ওয়াভেল রামকালওয়ান কর্তৃক যৌথভাবে ভারত-সেশেলস উচ্চ পর্যায়ের ভার্চুয়াল ইভেন্টে (৪ এপ্রিল, ২০২১) একাধিক উন্নয়ন সহায়তা প্রকল্পের উদ্বোধন

এপ্রিল ০৮, ২০২১

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ সেশেলসের মাননীয় রাষ্ট্রপতি ওয়াভেল রামকালওয়ানের সাথে একটি ভার্চুয়াল ইভেন্টে অংশ নিয়েছিলেন। সেশেলস-এ ভারতের অর্থায়নে নির্মিত বেশ কয়েকটি উন্নয়ন সহায়তা প্রকল্পের যৌথ ই-উদ্বোধন এবং সেশেলস কোস্টগার্ডের ব্যবহারের জন্য ভারতের পক্ষ থেকে একটি ফাস্ট পেট্রোল ভেসেল হস্তান্তর করার জন্য ভার্চুয়াল ইভেন্টটির আয়োজন করা হয়েছিল।

ভার্চুয়াল ইভেন্ট চলাকালীন প্রধানমন্ত্রী মোদী এবং রাষ্ট্রপতি রামকালওয়ান যৌথভাবে সেশেলসে নতুন ম্যাজিস্ট্রেট'স কোর্ট ভবন উদ্বোধন করেন। ভবনটি সেশেলসে ভারতীয় সহায়তায় প্রথম পরিকাঠামো প্রকল্প এবং ভারত সরকার থেকে সাড়ে ৩.৫ মিলিয়ন ডলার অনুদানের সাহায্যে এটি সম্পন্ন হয়েছে। সেশেলসের রাজধানী ভিক্টোরিয়ার প্রাণকেন্দ্রে অবস্থিত, এটি একটি আধুনিক নকশায় উচ্চ মান অনুযায়ী নির্মিত। ম্যাজিস্ট্রেটস কোর্ট সেশেলসের বিচার ব্যবস্থার সক্ষমতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করবে এবং দু'দেশের মধ্যে দ্বিপাক্ষিক সহযোগিতার এক প্রতীক হয়ে উঠবে।

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ভার্চুয়াল ইভেন্ট চলাকালীন সেশেলসের রাষ্ট্রপতির কাছে একটি ৪৪.৭ মিটার ফাস্ট পেট্রোল ভেসেল (এফপিভি)ও হস্তান্তর করেছিলেন। কলকাতার মেসার্স জিআরএসই, ১০০ কোটি টাকা ব্যয়ে নির্মিত এই এফপিভি, উপকূলবর্তী নজরদারি জোরদার করার জন্য ভারতীয় অনুদান সহায়তায় সেশেলসকে উপহার দেওয়া হয়েছে। আধুনিক ও স্টেট অফ দি আর্ট এই জাহাজটি তার বিশাল কার্যকরীতায় সেশেলস কোস্টগার্ডের সক্ষমতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করবে এবং সেশেলস সমুদ্রে জলদস্যুর অত্যাচার, মাদক ও অস্ত্র চোরাচালান এবং অবৈধভাবে মাছ ধরার মতো সমস্যার বিরুদ্ধে লড়াইয়ে সহায়তা করবে। এই ঘটনা উপকূলবর্তী সুরক্ষার ক্ষেত্রে ভারত ও সেশেলসের জন্য খুবই সমন্বয়যোগ্য এবং ঘনিষ্ঠ সহযোগিতার পরিচায়ক এবং এক্ষেত্রে সেশেলসের বিশ্বস্ত ও পছন্দসই সুরক্ষা অংশীদার হিসাবে ভারতের ভূমিকা পরীক্ষিত।

অনুষ্ঠানের সময়, প্রধানমন্ত্রী এবং সেশেলসের রাষ্ট্রপতি যৌথভাবে সেশেলের রোমেনভিল দ্বীপে ভারতীয় অনুদান সহায়তায় নির্মিত একটি 1 মেগাওয়াট স্থল সৌর বিদ্যুৎকেন্দ্রের যৌথ উদ্বোধন করেছিলেন। দুই নেতা সেশেলসে দশটি (10) ইন্ডিয়ান হাই ইমপ্যাক্ট কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টসও (এইচআইসিডিপি) ই-উদ্বোধন করেছিলেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী মোদি সেশেলসের সাথে সহযোগিতা আরও জোরদার করতে জনগণভিত্তিক পরিকাঠামো প্রকল্পগুলিতে উন্নয়ন সহায়তার গুরুত্বের ওপর জোর দিয়েছিলেন। প্রধানমন্ত্রী উল্লেখ করেছিলেন যে অত্যাধুনিক নকশা এবং সুবিধাসমূহ দ্বারা নির্মিত নতুন ম্যাজিস্ট্রেট আদালত সেশেলসের জনগণের কাছে বিচার বিভাগীয় সেবা সরবরাহের জন্য উপযুক্ত কাজ করবে। প্রধানমন্ত্রী বলেন, সেশেলসের উপকূলবর্তী সুরক্ষা এবং নজরদারীর ক্ষেত্রে তার নিজস্ব সক্ষমতা জোরদার করার জন্য ভারতের সহায়তা প্রদানের প্রতিশ্রুতি রক্ষার জন্য সেশেলসকে একটি ফাস্ট পেট্রোল ভেসেল উপহার দেওয়া হল।

রাষ্ট্রপতি ওয়াভেল রামকলাওয়ান দু'দেশের মধ্যে দূত এবং ঘনিষ্ঠ সম্পর্কের প্রতিচ্ছবি হিসাবে সেশেলসের সুরক্ষা এবং উন্নয়নমূলক চাহিদা পূরণে ভারতের অবিচ্ছিন্ন সহায়তার জন্য গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

নতুন ম্যাজিস্ট্রেটস কোর্ট বিল্ডিং, 1 মেগাওয়াট সোলার পাওয়ার প্ল্যান্ট, এইচআইসিডিপি এবং ই-উদ্বোধনের মাধ্যমে এফপিভি হস্তান্তর সেশেলসের দীর্ঘস্থায়ী এবং নির্ভরযোগ্য অংশীদার হিসাবে ভারতের অবিচল ভূমিকা এবং গভীরতর দ্বিপাক্ষিক সম্পর্কের প্রতি তার অঙ্গীকারের প্রদর্শন।

এই ইভেন্টে প্রদর্শিত সহযোগিতা প্রকল্পগুলি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'সাগর- অঞ্চলের সকলের জন্য সুরক্ষা ও প্রবৃদ্ধির স্বপ্নের সাথে সামঞ্জস্যপূর্ণ।

নিউ দিল্লি

এপ্রিল 08, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.